25

দৈনিক ইত্তেফাক

তারিখ ...24 OCT 1992...
পৃষ্ঠা... ১ ... কলাম ... ৭ ...

# রাজশাহীর সরকারী কলেজে ঠাঁই নাই

রাজশাহী অফিস ॥ এখানকার কলেজগুলিতে 'ঠাঁই নাই' অবস্থা। গেল এস,এস,সি পরীক্ষায় ভালো ফল করিবার সুবাদে শহর ও গ্রাম-গঞ্জের ছাত্র-ছাত্রীরা 'রাজশাহী কলেজে' ভর্তি হইবার জন্য ভিড় জমাইয়াছে। গত ২১শে অক্টোবর রাজশাহী কলেজে প্রায় ২৫ হাজার ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিয়াছে। মানবিক, বিজ্ঞান ও বাণিজ্যে সর্বসাকুল্যে আসন ৭৫০টি। নগরীর নিউগভঃ ডিগ্রী ও সরকারী সিটি কলেজের আসন সংখ্যাও অনুরূপ। (৭ম পৃঃ দ্রঃ)

## রাজশাহীর কলেজে

(১ম পৃঃ পর)

সরকারী মহিলা কলেজে ছাত্রীরা খুব ভীড় করে না। ৪টি সরকারী কলেজে মোট প্রায় ২৫০০ ছাত্র-ছাত্রী ভর্তি হইতে পারিবে। এখানে বেসরকারী কলেজ রহিয়াছে ৩টি। সরকারী কলেজে এবারে ভর্তির জন্যে আবেদনকারীদের ৭৫০,৭২৫ অথবা ৭০০ প্রয়োজন। কাজেই কেবল প্রথম বিভাগ পাইলেই ভর্তির আবেদন করা যায় নাই। এদিক রাজশাহী কলেজ, নিউ গভর্ণমেন্ট ডিগ্রী কলেজ ও সিটি কলেজ কর্তৃপক্ষ বলেন, কলেজের কক্ষ, শিক্ষক ও পড়াইবার উপকরণের অভাবে অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তি করা সম্ভব হইতেছে না।